

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
মেহেন্দিগঞ্জ, বরিশাল।
dss.mehendiganj.barisal.gov.bd

স্মারক নম্বর :- ৪১.০১.০৬৬২.০০০.১৬.০০৬.২৪.১৮৫

তারিখঃ ৯ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
২৪ জুলাই, ২০২৪ খ্রিঃ

বিজ্ঞপ্তি


"অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের আওতায় আবাসনের দরখাস্ত আহ্বান"

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৮.১৪.২৯৮(৪).২৩.৪৫৬, ১৪/০৫/২০২৪ খ্রিঃ পত্রের সাথে সংযুক্ত নির্দেশনা মোতাবেক 'অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় আবাসনের নির্ধারিত আবেদন পত্র সরাসরি গ্রহণের শেষ তারিখ ০৪ আগস্ট, ২০২৪ খ্রিঃ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, মেহেন্দিগঞ্জ, বরিশাল থেকে আবাসন বরাদ্দের আবেদন সংগ্রহ ও জমা দিতে পারবেন।

আবাসন বরাদ্দের জন্য আবেদনকারীর যোগ্যতাঃ

১. অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার ওয়ারিশ যারা আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন, সেই বীর মুক্তিযোদ্ধার অনুকূলে অবশ্যই বীর মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত (ওয়েব সাইটে প্রকাশিত) ভারতীয় তালিকা/ লাল মুক্তিবর্তা/ বেসামরিক গেজেট/ স্বীকৃত অন্যান্য গেজেট ও মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকতে হবে।
২. যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা শহীদ/ প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান ইতোপূর্বে এ মন্ত্রণালয় বা কোন সরকারী দপ্তর/ সংস্থা হতে প্লট/ ফ্ল্যাট/ আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোর কোন ঋণ পাননি, তারাই এই প্রকল্পের আওতায় আবাসন প্রাপ্তির যোগ্য। এ ক্ষেত্রে নিজের নামের জমির মালিকানা সংক্রান্ত কাগজপত্র, বীর মুক্তিযোদ্ধা বা তার উত্তরাধীকারী, উত্তরাধীগন খাস জমি বন্দেবস্ত প্রাপ্ত হলে কবুলিয়ত দলিল ও ভূমি উন্নয়ন কর প্রদানের দাখিলা দাখিল করতে হবে।
৩. বীর মুক্তিযোদ্ধার একাধিক স্ত্রী/ সন্তানগনের ক্ষেত্রে ৩০০/- (তিন শত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প ক্ষমতা অর্পন পত্র, উপযুক্ত ও নিষ্কন্টক জমি সংক্রান্ত সকল কাগজপত্রাদি (কমপক্ষে ১১৩১ বর্গফুট-দৈর্ঘ্য ৩৯ ফুট ও ২৯ ফুট) ও আনুমানিক কাগজ পত্র দাখিল করতে হবে।
৪. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র ও বীর মুক্তিযোদ্ধা এমআইএস কপি, বীর মুক্তিযোদ্ধা ওয়ারিসগনের ক্ষেত্রে উত্তরাধীকার সনদ আবেদন কপির আবেদন ফরমের সাথে যুক্ত করতে হবে।
৫. ইতোপূর্বে যে সকল বীর মুক্তিযোদ্ধা/ বীর মুক্তিযোদ্ধা ওয়ারিশগন আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

দরখাস্ত জমা প্রদানের স্থানঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, মেহেন্দিগঞ্জ, বরিশাল।


২৪/৭/২৪

(কাজী আনিসুল ইসলাম)
উপজেলা নির্বাহী কর্মকর্তা
মেহেন্দিগঞ্জ, বরিশাল।